# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১৩০২ তারিখঃ ২৭.০৪.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ প্রণোদনা ভাতা প্রদান বিষয়ে স্পষ্টিকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৫ এপ্রিল, ২০২০ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১২৮৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস COVID-19 এর প্রাদুর্ভাবের কারণে এর কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির দিনগুলোতে ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ প্রণোদনা ভাতা প্রদানের নিমিত্তে নিম্নোক্ত বিষয়ে কতিপয় স্পষ্টিকরণ ব্যাখ্যা প্রদান করা হলোঃ

২.১ সাধারণ ছুটি শুরু হওয়ার তারিখ (২৯/০৩/২০২০) হতে মাস গণনা শুরু হবে। প্রতি ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নতুন মাস গণনা শুরু হবে।

২.২ বিশেষ প্রণোদনা ভাতা প্রদানের জন্য ব্যাংকের ১৩৩/৬(এফ) (বিশেষ প্রণোদনা ভাতা কোভিড-১৯) খাত ডেবিট করতে হবে এবং হিসাবটি শাখার ব্যয় হিসাবে গণ্য হবে।

০৩। উল্লেখ্য, সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন সীমিত আকারে ব্যাংকিং চালু রাখার লক্ষ্যে রোষ্টারিং ডিউটির অফিস অর্ডারের মাধ্যমে যারা ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করেছেন বা করছেন শুধুমাত্র তারাই বিশেষ প্রণোদনা ভাতা প্রাপ্য হবেন। এক্ষেত্রে কোন প্রকার আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৪। এছাড়া অত্র বিভাগের ১৫.০৪.২০২০ তারিখের জারিকৃত পত্র নং ১২৮৮ এ উল্লেখিত অন্যান্য শর্তাবলীসমূহ অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
27/04/2020
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫
তারিখঃ ২৭.০৪.২০২০ ইং

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০১৯-২০২০/১৩০২(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

29.04.2020
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী-মহাব্যবস্থাপক

Tanmay